# মা ও শিশু
## রোগ নির্দেশিকা

আলহাজ্ব ডাঃ মোঃ মোশাররফ হোসেন
জটিল ও পুরাতন রোগের হোমিও চিকিৎসক

## সূচীপত্র


| ঔষধের নাম | পৃষ্ঠা |
|---|---|
| মা | ১২ |
| মায়ের কর্তব্য | ১২ |
| বিবাহের প্রয়োজনীয়তা | ১৪ |
| গর্ভধারন (Pregnancy) | ১৫ |
| গর্ভসঞ্চারের লক্ষন সমূহ | ১৫ |
| গর্ভিনীর পালনীয় নিয়মাবলী | ১৯ |
| গর্ভাবস্থায় উপসর্গাদি | ২০ |
| গর্ভাবস্থায় বমন (Morning Sickness) | ২২ |
| গর্ভাবস্থায় মুখ দিয়ে পানি উঠা (Pyrosis or water-Brush) | ২৩ |
| গর্ভাবস্থায় খিলধরা (Cramps) | ২৪ |
| গর্ভাবস্থায় বুক জ্বালা (Heart-Burn) | ২৪ |
| গর্ভাবস্থায় শোথ (Oedema) | ২৫ |
| প্রসব কাল | ২৬ |
| আঁতুর-ঘর | ২৬ |
| প্রসব-পূর্ব লক্ষনসমূহ | ২৭ |
| প্রসব পূর্ব করনীয় পরিচর্যা (Antenatal Care) | ২৯ |
| সূতিকা আক্ষেপ (Eclampsia) | ৩০ |
| প্রি-একলামসিয়া ঃ (আক্ষেপের পূর্বাবস্থা) | ৩২ |
| আক্ষেপের পূর্বাবস্থার লক্ষনসমূহ | ৩২ |
| একলামসিয়া (আক্ষেপ) | ৩৩ |
| রক্তস্বল্পতা (Anaemia) | ৩৫ |
| শিরাস্ফীতি (Varicose Veins) | ৩৬ |
| কোষ্ঠ কাঠিন্য বা কোষ্ঠবদ্ধতা (Constipation) | ৩৭ |
| উদরাময় (Diarrhoea) | ৩৮ |
| আমাশয় (Dysentery) | ৩৯ |
| অনিদ্রা (Sleeplessness) | ৪০ |
| পিঠ এবং কোমরে বেদনা (Backache) | ৪০ |

## সূচীপত্র


| ঔষধের নাম | পৃষ্ঠা |
|---|---|
| দন্তবেদনা (Toothache) | ৪১ |
| অরুচি বা রুচিবিকার (A version of food and perverted Taste) | ৪২ |
| তলপেট ও স্তন বড় হওয়া (Enlarged Abdomen and Breast) | ৪২ |
| অসাড়ে মূত্রত্যাগ (Enuresis or Incontinence of Urine) | ৪৩ |
| ন্যাবা বা পান্ডুরোগ (Jaundice) | ৪৪ |
| ঋতুস্রাব (Menstruation) | ৪৫ |
| রক্তস্রাব (Haemorrhages) | ৪৫ |
| কৃত্রিম প্রসব বেদনা (False Labour Pain) | ৪৬ |
| গর্ভাবস্থায় মাথাধরা (Headache during Pregnancy) | ৪৭ |
| গর্ভাবস্থায় মাথাঘোরা (Vertigo) | ৪৮ |
| গর্ভাবস্থায় বুক বেদনা | ৪৮ |
| গর্ভাবস্থায় কাশি (Cough during pregnancy) | ৪৯ |
| গর্ভাবস্থায় মুখে ক্ষত (Stomatitis during pregnancy) | ৪৯ |
| গর্ভাবস্থায় যোনিদ্বারের চুলকানি (Pruitus) | ৪৯ |
| গর্ভস্থ ভ্রুনের অতিসঞ্চালন (Much quickening of the foetus) | ৫০ |
| অ্যালবুমিনুরিয়া বা প্রস্রাবে অ্যালবুমেন (Albuminuria or Nephritis Gravidarum) | ৫১ |
| ধাতের অসুখ (Discharge from the covering Membrance of the Uterus) | ৫২ |
| হিষ্টিরিয়া (Hysteria) | ৫৩ |
| প্রসবকাল, প্রসব বেদনা এবং প্রসবোত্তর সিমটম বা উপসর্গ | ৫৪ |
| যোনিমুখের ছিন্নতা (Rupture) | ৫৪ |
| ফুল না পড়া (Retention of placenta) | ৫৫ |
| ফুল পড়ার পরে ব্যাথা (After pains) | ৫৬ |
| প্রসবের পরে রক্ত পড়া | ৫৬ |
| প্রসবের পরে রক্তস্রাব (Flooding after delivery) | ৫৭ |
| প্রসবের পরে মূর্ছা (Fainting after labour) | ৫৭ |
| স্তনে কম দুধ | ৫৮ |

## সূচীপত্র


| ঔষধের নাম | পৃষ্ঠা |
|---|---|
| স্তনে বেশী দুধ | ৫৮ |
| ঠুনকো রোগ (Mastitis) | ৫৯ |
| স্তন কঠিন বা শক্ত | ৬০ |
| আতুঁরে বাই (Puerperal Insanity) | ৬০ |
| দুগ্ধ-জ্বর (Milk Fever) | ৬০ |
| প্রসব কালীন মূর্ছা (Fainting during labour) | ৬১ |
| প্রসবের পর ফুল পড়তে বিলম্ব (Retention of Placenta after delivery) | ৬১ |
| প্রসবের পর প্রস্রাব বন্ধ (Retention of Urine after delivery) | ৬২ |
| প্রসবান্তে বস্থি গহবরে প্রদাহ ও স্ফোটক (Pelvic Cellulitis and Abscess) | ৬২ |
| প্রসবান্তিক জরায়ুর পশচাদাবর্তন (Sub Involution of the Uterus) | ৬৩ |
| প্রসবান্তিক জরায়ুর স্থানচ্যুতি এবং জরায়ু মুখের বক্রতা (Displacement of Uterus and Retroversion of Uterus) | ৬৪ |
| সূতিকোন্মাদ (Puerperal Mania) | ৬৪ |
| প্রসবান্তে লোকিয়া স্রাব (Lochia Discharge) | ৬৬ |
| মিল্ক লেগ বা শ্বেতপদ বা পায়ে পানি নামা (Milk leg or Phlegmasia Alba Dolens) | ৬৭ |
| সূতিকা জ্বর (Puerperal Fever) | ৬৮ |
| সূতিকাক্ষেপ (Puerperal Convulsions) | ৬৯ |
| প্রসবান্তিক বেদনা (After Pains) | ৭০ |
| গর্ভাবস্থায় স্তনের অবস্থা | ৭২ |
| গর্ভস্রাব (Abortion, Miscarriage) | ৭২ |
| অ্যাবরশন (Abortion) | ৭৩ |
| মিসক্যারেজ (Miscarriage) | ৭৩ |
| গর্ভপাতের কারণ সমূহ | ৭৪ |
| ভ্রুনের মৃত্যু | ৭৪ |
| জরায়ু থেকে ভ্রুনের বিচ্যুতি | ৭৪ |
| সম্পূর্ণ গর্ভস্রাব | ৭৫ |
| সার্ভাইক্যাল গর্ভস্রাব | ৭৫ |

## সূচীপত্র


| ঔষধের নাম | পৃষ্ঠা |
|---|---|
| আংশিক গর্ভস্রাব | ৭৫ |
| আশঙ্কিত গর্ভস্রাব | ৭৫ |
| ব্যর্থ গর্ভস্রাব | ৭৫ |
| অর্শ (Piles) | ৭৬ |
| গর্ভবস্থায় মানসিক অবস্থার গোলযোগ | ৭৬ |
| লালাস্রাব | ৭৭ |
| শ্বাসকষ্ট | ৭৭ |
| মূত্রনালীর আক্ষেপ | ৭৭ |
| মেরুদন্ডের উপদাহ (Spinal Irritation) | ৭৮ |
| মাথার চুল উঠে যাওয়া | ৭৯ |
| প্রসবের পর কোষ্ঠবদ্ধতা (Constipation after Delivery) | ৭৯ |
| **দ্বিতীয় অধ্যায়** | |
| শিশু | ৭৯ |
| শিশুর সুনিদ্রার প্রয়োজন | ৮১ |
| শিশু ভূমিষ্ট হয়ে ক্রন্দন না করা (Asphyxia) | ৮১ |
| শিশুর নাভী নাড়ী কাটা (Cutting the Umbilical Cord) | ৮২ |
| শিশুর নাভী বাঁধা (Tying up the Umbilical Cord) | ৮২ |
| শিশুর গোসল (Washing the New born child) | ৮৩ |
| শিশুর নাভী নাড়ী পেকে যাওয়া | ৮৩ |
| শিশুর নাভী উচুঁ হওয়া | ৮৩ |
| শিশুর প্রথমে মল মূত্র ত্যাগ (Meconium) | ৮৪ |
| শিশুর ঘুম ও আহার (Nursilng an Diet of the Child) | ৮৪ |
| শিশুর ধনুষ্টঙ্কার রোগ (Infantile Tetanus) | ৮৫ |
| নীলরোগ (Blue Disease) | ৮৬ |
| শিশুর চোখ উঠা (Opthalmia) | ৮৭ |
| শিশুদের জন্ডিস রোগ (Jaundice of Child) | ৮৭ |

## সূচীপত্র


| ঔষধের নাম | পৃষ্ঠা |
|---|---|
| শিশুর নাক বুজেঁ যাওয়া (Obstruction of Nose) | ৮৮ |
| শিশুর মুখে ঘা বা মুখ ক্ষত (Aphthous sore mouth or thrush) | ৮৯ |
| শিশুর প্রস্রাব বন্ধ হয়ে যাওয়া (Retention of Urine) | ৯০ |
| শিশুর উদরাময় (Diarrhoea of Infants) | ৯০ |
| শিশুর কোষ্ঠবদ্ধতা (Constipation) | ৯২ |
| শিশুর আমাশয় (Dysentery) | ৯৩ |
| শিশুর শূল বেদনা (Colic of Infant) | ৯৫ |
| শিশুর স্তন প্রদাহ (Swelling of the breast) | ৯৬ |
| দুধতোলা (Regurgitation of Milk) | ৯৬ |
| শিশুর ক্রন্দন (Crying of New forn infants) | ৯৭ |
| শিশুর আক্ষেপ (Infantile Convulsions) | ৯৮ |
| শিশুর কানে পামারোগ বা কানচটা (Eczema of ear) | ১০০ |
| শিশুদের কর্ণপ্রদাহ (Otitis) | ১০১ |
| কর্ণ বেদনা (Pain in the ear) | ১০২ |
| কান পাকা (Ottorrhoea) | ১০৩ |
| শিশুদের নাসিকা প্রদাহ (Rhinitis) | ১০৪ |
| শিশুদের সর্দি (Coryza) | ১০৪ |
| আরক্ত নাক (Flushing) | ১০৫ |
| নাকের ক্ষত (Ozaena) | ১০৫ |
| নাসিকা থেকে রক্তস্রাব (Epistaxis) | ১০৬ |
| শিশুদেহে ঘা (Excoriation) | ১০৭ |
| শিশুদের চোয়াল আঁটা (Lockjaw of Infants) | ১০৮ |
| শিশুর মুখমন্ডলে ফুস্কুরি (Pimples in the face of Infants) | ১০৮ |
| ওষ্ঠব্রণ (Carbuncle) | ১০৯ |
| স্ফোটক (Boils) | ১১০ |
| শিশুর একজিমা বা পামা রোগ (Eczema) | ১১০ |
| শিশুদের বিসর্প বা নারাংগা (Erysipelas) | ১১১ |

## সূচীপত্র


| ঔষধের নাম | পৃষ্ঠা |
|---|---|
| শিশুর মস্তকের স্ফীতি (Swelling of Head) | ১১৩ |
| শিশুর মস্তকে শোণিত অর্বুদ (Cephal Hematoma) | ১১৪ |
| শিশুর নাভিরোগ (Disease of the Navel) | ১১৫ |
| নাভির অন্ত্রবৃদ্ধি (Naval Rupture of Umbilical Hernia) | ১১৬ |
| জন্মমল নিঃসারণ (Expulsion of the Meconium) | ১১৬ |
| স্তন না ধরা (Inability to Breast) | ১১৭ |
| শিশুদের কৃত্রিম হাম (মাসীপিসী) (Roseola) | ১১৭ |
| শিশুদের হেচঁকি বা হিক্কা (Hiccough) | ১১৮ |
| অজগল্লিকা (Strophulus) | ১১৮ |
| পুঁজস্রাবী পামা (চর্মদল) (Impetigo) | ১১৯ |
| শিশুদের দাঁত উঠা (Dentition of Infants) | ১২০ |
| শিশুর শীর্ণতা (Marasmus) | ১২১ |
| শিশুর অস্থি কোমলতা (Rickets) | ১২১ |
| শিশুর উপদংশ (Heriditary Syphilis) | ১২২ |
| শিশুর কলেরা (Cholera Infantum) | ১২৩ |
| শিশুদের বিছানায় প্রস্রাব করা (Enuresis of Children) | ১২৫ |
| শিশুদের যকৃৎ (Infantile Liver) | ১২৬ |
| হারিস বের হওয়া (Prolapsus Ani) | ১২৯ |
| শিশুদের হার্নিয়া (Hernia) | ১৩০ |
| শিশুদের একশিরা (Orchitis) | ১৩১ |
| শিশুর মেনিনজাইটিস (মস্তিষ্ক ঝিল্লী প্রদাহ) (Meningitis) | ১৩২ |
| মস্তিষ্ক প্রদাহ | ১৩৪ |
| সেরিব্রো-স্পাইনাল মেনিনজাইটিস (Cerebro - Spinal Meningitis) | ১৩৬ |
| মস্তিষ্কের পশ্চাদ ভাগের প্রদাহ (Posterior Basic Meningitis) | ১৩৮ |
| টিউবারকিউলার মেনিনজাইটিস (Tubercular Meningitis) | ১৩৯ |
| মস্তিষ্কে পানিসঞ্চয় (Hydrocephalus) | ১৪২ |
| শিশুদের পোড়া-নারাংগা বা বিম্বিকা (Pemphigus or Pompholyx) | ১৪৩ |

## সূচীপত্র


| ঔষধের নাম | পৃষ্ঠা |
|---|---|
| শিশুদের রক্তবমন (Haematemesis) | ১৪৪ |
| আমবাত বা শীতপিত্ত (Urticaria) | ১৪৫ |
| চর্মের আরক্তিমা বা অরুণিমা (Erythema) | ১৪৬ |
| বুকে ঘড় ঘড় শব্দ বা শাঁই শাঁই করা (Wheezing and Rathling Sounds in chest) | ১৪৭ |
| শিশুর অস্থি ও গ্রন্থির ক্ষয়রোগ (Tuberculous disease of Bones and Glands) | ১৪৮ |
| অন্ত্রের ক্ষয়রোগ (Consumption of Bowels) | ১৪৯ |
| শিশুর কর্ণশূল (Otalgia) | ১৫১ |
| শিশুর মৃগীরোগ (Epilepsy) | ১৫২ |
| শিশু পক্ষাঘাত (Poliomyelitis) | ১৫৪ |
| শিশুদের মেরুদন্ডে পক্ষাঘাত (Infantile Spinal Paralysis) | ১৫৬ |
| কৃত্রিম ঘুংড়ি কাশি | ১৫৭ |
| শিশুদের মুখের গ্যাংগ্রিন ক্ষত বা ক্যাংক্রাম ওরিস (Gangrenous Stomatitis or Cancrum Oris) | ১৫৮ |
| শিশুদের বাতরোগ (Rheumatism) | ১৫৯ |
| ব্রঙ্কাইটিস (Bronchitis) | ১৬১ |
| ক্যাপিলারি ব্রঙ্কাইটিস (Capillary Bronchitis) | ১৬৫ |
| নিউমোনিয়া (ফুসফুস প্রদাহ) (Pneumonia) | ১৬৭ |
| শিশুদের প্লুরেসি বা প্লুরাইটিস (Pleurisy or Pleuritis) | ১৭২ |
| আক্ষেপিক ক্রুপ (Spasmodic Croup) | ১৭৪ |
| মেম্ব্রেনাস ক্রুপ বা ট্রু ক্রুপ (Membranous Croup or True Crop) | ১৭৬ |
| তরুন স্বরযন্ত্র প্রদাহ (Acute Laryngitis) | ১৭৮ |
| ইনফ্লুয়েঞ্জা (Influenza) বা বহুব্যাপক সর্দি | ১৮০ |
| মূত্রগ্রন্থি প্রদাহ (Inflammation of Kidney) | ১৮২ |
| শিশুর পূঁজ চক্ষুপ্রদাহ (Opthalmia Neonatorum) | ১৮৪ |
| ডিপথেরিয়া (Diphtheria) | ১৮৬ |
| তান্ডব বা নর্তনরোগ (Chorea or St Vitus's Dance) | ১৮৮ |
| টাইফয়েড জ্বর (Typhoid Fever) | ১৮৯ |

## সূচীপত্র


| ঔষধের নাম | পৃষ্ঠা |
|---|---|
| টাক পড়া বা চুল উঠা (Baldness/Alopeia) | ১৯৬ |
| ছাল উঠা (Intertrigo) | ১৯৬ |
| এক-জ্বর বা সামান্য জ্বর (Simple Continued Fever) | ১৯৭ |
| মাম্পস (কর্ণমূল গ্রন্থির প্রদাহ) (Mumps) | ১৯৮ |
| কাশি (Cough) | ১৯৯ |
| হুপিং কাশি (Whooping Cough) | ২০০ |
| স্বল্পবিরাম জ্বর (Remittent Fever) | ২০২ |
| সবিরাম জ্বর (Intermittent Fever) | ২০৪ |
| শীতদরোগ বা স্কার্ভিরোগ (Scurvy) | ২০৬ |
| রিকেটস (Rickets / Rachitis) | ২০৮ |
| কালাজ্বর (Kala-Azar) | ২০৯ |
| গন্ডমালাজনিত চক্ষুপ্রদাহ (Scrofulous Opthalmia) | ২১১ |
| গ্ল্যান্ডিউলার ফিবার বা গ্রন্থি প্রদাহ (Glandular Fever) | ২১৩ |
| কৃমিবিকার এবং নানাজাতীয় কৃমি | ২১৪ |
| পাকস্থলী প্রদাহ (Gastritis of Gastric Catarrh) | ২১৫ |
| মুখগহ্বরের প্রদাহ (Stomatitis) | ২১৬ |
| হাম জ্বর (লুন্তি) (Measles) | ২১৭ |
| বসন্ত (Small Pox) | ২১৯ |
| পানি বসন্ত (Chicken Pox) | ২২৩ |
| শিশু বালিকার শ্বেতপ্রদর (Leucorrhoea of little girls) | ২২৪ |
| শিশুর নাড়ী না শুকানো | ২২৫ |
| শিশুর মাথায় উকুন | ২২৫ |
| শিশুর দুর্গন্ধযুক্ত প্রস্রাব | ২২৬ |
| শীর্নতা বা পুঁযে পাওয়া (Marasmus) | ২২৬ |
| শিশুর অঞ্জনি বা অঞ্জনাই (Stye) | ২২৭ |
| শিশুর দাঁতে পোকা (Caries of the teeth) | ২২৮ |
| শিশুর দাঁত কপাটি | ২২৮ |

| | |
|---|---|
| ৫৪। সূতিকাক্ষেপ | ৬২। শ্বাসকষ্ট |
| ৫৫। প্রসবান্তিক বেদনা | ৬৩। মূত্রনালীর আক্ষেপ |
| ৫৬। পেট খামচান | ৬৪। মেরুদন্ডের উপদাহ |
| ৫৭। গর্ভাবস্থায় স্তনের অবস্থা | ৬৫। মাথার চুল উঠে যাওয়া |
| ৫৮। গর্ভস্রাব | ৬৬। প্রসবের পর কোষ্ঠবদ্ধতা |
| ৫৯। অর্শ | ৬৭। প্রসবের পরে পেট ঝুলে পড়া |
| ৬০। গর্ভাবস্থায় মানসিক অবস্থার গোলযোগ | ৬৮। পিক্‌চঞ্চু অস্থিপ্রদেশে বেদনা |
| | ৬৯। প্রস্রাবে যন্ত্রনা |
| ৬১। লালাস্রাব | ৭০। স্তন কঠিন বা শক্ত |

**গর্ভাবস্থায় বমন (Morning Sickness) ঃ**

কোন কোন গর্ভিনীর বমনেচ্ছা এবং বমন এতই দুর্দমনীয় হয় যে, সময়ে এর প্রতিকার না হলে গর্ভস্থ সন্তান বিনষ্ট হওয়ার আশঙ্কা উপস্থিত হয়। কোন কোন গর্ভিনীর গর্ভাবস্থায় কেবলমাত্র শেষ কয়েক সপ্তাহেই এটা প্রকাশ হয়।

মৃদু প্রকৃতির বমনেচ্ছা ও বমন নাকি গর্ভিনীদের এবং তাদের গর্ভস্থ সন্তানের পক্ষে মংগলজনক বলে অনেকেই মত প্রকাশ করেন। অন্যথায় গর্ভস্রাব বা কষ্টকর ও বিপদজনক প্রসববেদনা উপস্থিত হতে পারে। এ উপসর্গ যখন মাত্রারিক্ত বা মাত্রা ছাড়িয়ে যায় এবং এর ভাবীফল অত্যন্ত আশঙ্কাজনক হয়ে উঠে, এমনকি অনেক গর্ভিনীকে মৃত্যুবরণ করতে দেখা গেছে। এ উপসর্গকে গর্ভকালীন অতিবমন (Hyperemesis gravidarum) বলা হয়। এর প্রকৃত কারন অদ্যাবধি নির্ধারণ করা হয়নি।

**ঔষধ ঃ**

<u>সিক্ষরিকার্পাস র‍্যাসিমোসা ৬, ৩০, ২০০ ঃ</u> গর্ভাবস্থায় দুর্দম্য বমন

নিবারনে এ ঔষধ বিশেষ ফলপ্রদ। দুর্দম্য বমনেচ্ছা ও বমন, মুখ দিয়ে পানি উঠা, চিৎ হয়ে শুইলে রোগিনী আরাম পায়। অরুচি ও কোষ্ঠবদ্ধতা থাকলে অধিক উপযোগী।

ইপিকাক ৬, ৩০, ২০০ ঃ অত্যন্ত বমনেচ্ছা ও বমন। অবিরত বমনেচ্ছা, বমিতেও বমির ইচ্ছের স্বস্তি হয় না। অত্যন্ত কষ্টদায়ক বমনেচ্ছা ও গা বমি বমি, ঢেঁকুর উঠা এবং মুখে অত্যন্ত লালা জমা। পেট কামর‍্যানি এবং নাভির চারদিকে খামচানি বেদনা।

সিমিসিফিউগা ৬, ৩০, ২০০ ঃ বমনেচ্ছা, বমন, অনিন্দ্রা, কৃত্রিম প্রসববেদনা। প্রতি ৩য় মাসে গর্ভস্রাব হওয়ার সম্ভাবনা থাকে। বেদনা তলপেটের একদিক থেকে অন্যদিক পর্যন্ত সংক্রামিত হয়ে থকে। পেশীর বাত বেদনা।

সিপিয়া ৬, ৩০, ২০০ ঃ গর্ভাবস্থায় প্রাতঃকালীন বমনে উপযোগী ঔষধ। খাওয়া দেখলে বা মনে পড়লে গা বমি বমি ও বমি হয়ে যায়। সাদা দুধের মত পানি বা শ্লেষ্মা বমি। পাকস্থলীতে শূন্যতাবোধ, খেলেও শান্তি পায় না। মুখে গোবরের আস্বাদ।

মুখ দিয়ে পানি উঠা (Pyrosis or water-Brush) ঃ গর্ভিনীর কোষ্ঠবদ্ধতা বা অতিভোজন অথবা খাদ্যদ্রব্য ভালমত হজম না হলে গর্ভিনীর মুখ দিয়ে টক বা তিক্ত পানি বের হয়। গলা, বুক এবং পেট জ্বালা করে। পেটের মধ্যে গরম ও উত্তাপ মনে হয় এবং ঢেঁকুর উঠে।

ঔষধ ঃ

কার্বোভেজ ৬, ৩০, ২০০ ঃ পেট ফাঁপা, বিশেষত উপর পেট ফাঁপা, অম্ল ঢেকুরের সাথে মুখ দিয়ে পানি উঠা পাকস্থলীতে জ্বালা, হাত পা ঠান্ডা।

পালসেটিলা ৩০, ২০০ ঃ সকালে মুখ দিয়ে তিক্ত আস্বাদ বের হওয়া এবং মুখ দিয়ে তিক্ত পানি উঠা, ভুক্তদ্রব্যের গন্ধবিশিষ্ট ঢেঁকুর উঠে। খাবার সময় গা বমি বমি করে। রোগিনী ঠান্ডা জিনিস ভালবাসে। উন্মুক্ত বাতাসে উপশম বোধ করে।

খিলধরা (Cramps) ঃ

গর্ভসঞ্চারের চার / পাঁচ মাস পরে কোন কোন গর্ভিনীর শরীরের বিভিন্নস্থানে খিল / খাল ধরতে আরম্ভ করে। পেটে, পিঠে, কোমরে অথবা পায়ে খিল ধরে। এটা চার / পাঁচ মাস পরে শুরু হয় আবার কোন কোন গর্ভিনীর ক্র্যাম্পস প্রসবের কিছুদিন আগে প্রকাশ পায়। এর কারণ হল মূত্রাধারের উপরে ভ্রুনের চাপ।

ঔষধ ঃ

ক্যামোমিলা ৬, ৩০, ২০০ ঃ উরুতে পায়ে এবং পায়ের ডিমেতে খাল ধরে। অসহ্য যন্ত্রনায় রোগিনী অস্থির হয়ে পড়ে, মেজাজ খিটখিটে হয়ে যায়। কারো সাথে ভদ্রভাবে আলাপ করতে বা কারো কথার উত্তর ভদ্রভাবে দিতে পারেনা।

হায়োসায়ামাস ৬, ৩০, ২০০ ঃ উরুর সামনের দিকে অথবা পেটের পেশিতে খাল ধরে এ ঔষধ বিশেষ উপযোগী।

বেলাডোনা ৬, ৩০, ২০০ ঃ রক্তাধিক্য গর্ভিনীর পায়ের ডিমে ও পাতায় বিশেষত রাতে হাঁটু গুটিয়ে শোয়ার পরে খাল ধরলে এ ঔষধ বিশেষ উপযোগী। যন্ত্রনার সময় চোখমুখ লাল এবং মস্তিষ্কে রক্ত সঞ্চয় হয়।

বুক জ্বালা (Heart-Burn) ঃ

পাকস্থলীতে প্রচুর পরিমাণে হাইড্রোক্লোরিক অ্যাসিড নিঃসরণ হলে অম্ল

হয়, মুখে উদগার, অম্ল জাতীয় পানি, অম্ল আস্বাদ প্রভৃতির ন্যায় বুকজ্বালাও এর একটি লক্ষন। এতে শুকনা লাল মরিচের মত ঝাল এবং **টক জাতীয় দ্রব্য এবং সহজে হজম হয় না এরকম শাক-সব্জি খাওয়া** অবশ্যই বর্জনীয়। গর্ভিনীর বুক-জ্বালার একমাত্র কারন অম্বল।

ঔষধ ঃ

নাক্স ভমিকা ঃ ৬, ৩০, ২০০ ঃ পেট ফাঁপা, টক ঢেঁকুর, মুখের আস্বাদ তিক্ত। আহারের পরে তন্দ্রালুতা। পিত্ত বা ভুক্তদ্রব্য বমন। বারবার বাহ্য যাওয়া কিন্তু বাহ্য পরিষ্কার হয় না।

রোবিনিয়া ৩, ৬, ৩০, ২০০ ঃ অম্লধিক্যের জন্য বুক গলা, পেট সমস্তই জ্বালা করে। অম্ল ঢেঁকুর এবং অম্ল বমন।

পালসেটিলা ৩০, ২০০ ঃ তৈলাক্ত ও ঘৃত পক্ক দ্রব্য আহারহেতু অজীর্ণ এবং অম্বল। বমনেচ্ছা, মাথাঘোরা, মুখে লবনাক্ত, তিক্ত অথচ অম্ল আস্বাদ, বুকজ্বালা। রোগিনী মুক্তবায়ু পছন্দ করে।

শোথ **(Oedema)** ঃ

ভ্রূনের ভারের জন্য জরায়ুর মধ্যে রক্তসঞ্চালন ক্রিয়া সঠিকভাবে না হলে নিম্মাংগে, বিশেষ করে পায়ে, হাঁটুতে, জঙ্ঘায় ও জননেন্দ্রিয়ে শোথ দেখা দেয়। এটা সাধারনত গর্ভসঞ্চারের শেষের দিকে প্রকাশ পেয়ে থাকে।

ঔষধ ঃ

অ্যাপোসাইনাম ৬, ৩০, ২০০ ঃ হৃদরোগ এবং কিডনীর পীড়াসহ শোথ। অত্যন্ত পিপাসা কিন্তু রোগিনী বেশী পানি পান করতে পারে না, পানি পান করলেই বমি হয়ে যায় অথবা পেটে বেদনা উপস্থিত হয়।

আর্সেনিক এল্‌বাম ৬, ৩০, ২০০ ঃ পায়ে শোথ, রোগিনী অত্যন্ত দুর্বল এবং অবসন্ন হয়ে পড়ে। উৎকণ্ঠা এবং অস্থিরতা প্রকাশ পায়। মধ্যরাতে উপসর্গের বৃদ্ধি। নিদ্রাহীনতা ও মৃত্যু ভয়। অত্যন্ত পিপাসা, রোগিনী মুহুর্মুহ পানি পান করে।

ঈগল ফেলিয়া Q, ৩, ৬, ২০০ ঃ সর্বাঙ্গীন শোথ অথবা শরীরের স্থানবিশেষের শোথ। প্রস্রাব অত্যন্ত কমে যায়। চোখের পাতা দুটি ফোলে। এই সাথে জ্বর অথবা হৃৎপিন্ডের গোলযোগ থাকলে ফলপ্রদ।

প্রসব কাল ঃ

নয় মাস পর্যন্ত গর্ভিনীর তলপেট বাড়ে, তারপর অর্থাৎ প্রসব হওয়ার দশ দিন আগে তলপেটটি ঝুলতে শুরু হয়, মাজা সরু হয়, বার বার প্রস্রাব ও কোমরের নীচে বেদনা উপস্থিত হয়। এ সমস্ত লক্ষন দেখা দিলে আঁতুর ঘরের বন্দোবস্ত করা বিধেয়।

আঁতুর-ঘর ঃ

আঁতুর ঘর পরিষ্কার পরিচ্ছন্ন, শুষ্ক ও আলো-বাতাস যুক্ত ঘরই প্রসব কার্যের জন্য উপযোগী। ঘরের দোষে প্রসূতি ও সন্তানের প্রাণনাশ পর্যন্ত হতে পারে। নোংরা, দুর্গন্ধযুক্ত বা ধূম্রপূর্ণ ঘর প্রসূতি ও শিশু উভয়ের পক্ষেই ক্ষতিকর।

প্রসব বেদনা ঃ

প্রকৃত প্রসব বেদনার পূর্বে জরায়ুর আকারের পরিবর্তন হয়, যোনিদেশ আর্দ্র হয় এবং পেশীসকলও শিথিল হয়ে পড়ে। জরায়ু-অভ্যন্তরে শিশু বাড়তে থাকলে পূর্ণ গর্ভ অবস্থায় যথাসময়ে প্রসব বেদনা উপস্থিত হয়ে থাকে। তাই জীবন্ত শিশু যেভাবে সহজে ভূমিষ্ট হয় ঠিক সমভাবে মৃত শিশুও ভূমিষ্ট হয়ে থাকে। ভূমিষ্ট হওয়ার জন্য গর্ভস্থ শিশুকে কোন চেষ্টা

বা যত্ন করতে হয় না, এগুলো প্রাকৃতিক নিয়মে সাধিত হয়।

ঔষধ ঃ

পালসেটিলা ৬, ৩০, ২০০ ঃ অনিয়মিত, আক্ষেপিক, নিষ্ফল, দুর্বল এবং মৃদু প্রসব বেদনায় উপযোগী। বেদনা কখনো কম, কখনো বেশী, কখনো বা মোটেই থাকে না। প্রথম থেকেই জোর নেই এরূপ বেদনা, এরূপ বেদনার জন্য প্রসবপথ খুলে না বা সন্তান অগ্রসর হয় না। ঘরের দরজা জানালা বন্ধ থাকলে পোয়াতির কষ্ট হয়, শ্বাসরুদ্ধ হয়, মূর্চ্ছার ভাব আসে।

কেলিফস ৬, ৩০, ২০০ ঃ এটা জরায়ুর বলবৃদ্ধি কর। ভীত, হতাশচিত্ত ক্রন্দনশীল স্ত্রীলোকদের পক্ষে বিশেষ উপযোগী। দুর্বল, অনিয়মিত প্রসববেদনা।

জেলসিমিয়াম ৬, ৩০, ২০০ ঃ জরায়মুখের কাঠিন্য, মৃদু প্রসবদেনা, স্নায়বিকতা, কম্পন ও অবসন্নতা থাকলে উপযোগী।

প্রসব-পূর্ব লক্ষনসমূহ ঃ

জরায়ুর আকার, পরিবর্তন, বাহ্য স্ত্রীজননেন্দ্রিয়ের আর্দ্রতা, তৎপেশীসমূহের শিথিলতা এবং মানসিক দুশ্চিন্তা, তরল ভেদ, বারবার প্রস্রাব করা, যোনিদ্বার দিয়ে লাল শ্লেষ্মা পড়া, স্নায়ুবিক কম্পন প্রভৃতি পূর্ব লক্ষণ দেখা দেয়। বেদনা প্রথমে তলপেটে আরম্ভ হয়, এ বেদনা সর্বপ্রথমে পিঠের দিকে অনুভব হয়ে পরে সামনের দিকে আসে ও তারপরে উরুর দিকে নামতে থাকে। বেদনা পূর্বের চেয়ে প্রবলভাবে আসে।

প্রথম কর্তনবৎ বেদনা অনুভব হয়, কিন্তু প্রসবের সময় নিকটবর্তী হয়ে আসলে নিচের দিকে কিছু ঠেলে বের হবে এরূপ বেদনা মনে হয়। এ